২৩। শাক্ত পদাবলি রচনায় রামপ্রসাদ সেনের কৃতিত্বের পরিচয় দাও।

২৪। ‘বীরাঙ্গনা’ কাব্যের ‘দুষ্মন্তের প্রতি শকুন্তলা’ পত্রটি অবলম্বনে শকুন্তলা চরিত্রটি বিশ্লেষণ করো।

২৫। ‘চম্পা’ কবিতাটির বিষয়বস্তু আলোচনা করো।

---

 **B.A./2nd Sem (G)/BNG/24(CBCS)**

# 2024

## 2nd Semester Examination

## BENGALI (General)

### Paper : DSC 1B/2B-T

(কাব্য-কবিতা)

**[CBCS]**

Full Marks : 60 Time : Three Hours

*The figures in the margin indicate full marks. Candidates are required to give their answers in their own words as far as practicable.*

### বিভাগ-ক

নিম্নলিখিত যে-কোনো ***দশটি*** প্রশ্নের উত্তর দাও : ২×১০=২০

১। ‘এ সখি হামারি দুখের নাহি ওর’— পদটি কার লেখা, কোন্ পর্যায়ের পদ? ১+১

২। চৈতন্যদেব কত খ্রিস্টাব্দে জন্মগ্রহণ করেন এবং কত খ্রিস্টাব্দে পরলোক গমন করেন? ১+১

৩। বৈষ্ণব পদাবলি সাহিত্যে কোন্ কবি ‘দ্বিতীয় বিদ্যাপতি’ নামে পরিচিত? কেন? ১+১

৪। ‘ফাটি যাওত ছাতিয়া’— কার ছাতি ফেটে যাচ্ছে? কেন? ১+১

P.T.O.

৫। অষ্টাদশ শতাব্দীতে আবির্ভূত দু'জন শাক্ত পদকর্তার নাম লেখো। ২

৬। 'ওরে নবমী নিশি'— শাক্তপদটি কার লেখা, কোন্ পর্যায়ের পদ? ১+১

৭। উমা বিষয়ক শাক্ত সংগীতগুলিকে কয়টি ভাগে ভাগ করা যায়? কী কী? ১+১

৮। কমলাকান্ত ভট্টাচার্য কোন্ জেলার লোক ছিলেন? তাঁর লেখা একটি শাক্তপদের নাম লেখো। ১+১

৯। 'বীরাঙ্গনা' কাব্যটি কার লেখা? এটি কোন্ শ্রেণির কাব্য? ১+১

১০। 'বীরাঙ্গনা' কাব্যটিতে কয়টি পত্র রয়েছে? প্রথম ও শেষ পত্রটির নাম লেখো। ১+১

১১। 'বীরাঙ্গনা' কাব্যটির জনা চরিত্রটি কোন্ মহাকাব্য থেকে সংগৃহীত হয়েছে? সেই মহাকাব্য থেকে সংগৃহীত অন্য একটি চরিত্রের নাম লেখো। ১+১

১২। 'পরম অধর্ম্মাচারী রঘুকুল-পতি!' — কোন্ পত্রে কে, কাকে এই উক্তিটি করেছেন? ১+১

১৩। 'আত্মবিলাপ' কবিতাটি কার লেখা? কবিতাটি কোন্ ছন্দে রচিত হয়েছে? ১+১

১৪। 'সোনার তরী' কবিতাটি কার লেখা? সেটি তাঁর কোন্ কাব্যগ্রন্থের অন্তর্গত কবিতা? ১+১

১৫। 'দুঃখবাদী' কবিতাটি কার লেখা? কবিতাটি কোন্ কাব্যগ্রন্থের অন্তর্গত? ১+১



## বিভাগ-খ

নিম্নলিখিত যে-কোনো ***চারটি*** প্রশ্নের উত্তর দাও : ৫×৪=২০

১৬। 'রূপ লাগি আঁখি ঝুরে গুণে মন ভোর'— কার লেখা, কোন্ পর্যায়ের পদ? পদটির ভাবসৌন্দর্য সংক্ষেপে বিশ্লেষণ করো। ১+৪

১৭। 'শ্রীদাম সুদাম দাম শুন ওরে বলরাম'— কার লেখা, কোন্ পর্যায়ের পদ? পদটির ভাববস্তু সংক্ষেপে বিশ্লেষণ করো। ১+৪

১৮। 'ওরে নবমী নিশি' — পদটিতে বক্তার অন্তরের যে বেদনা প্রকাশিত হয়েছে তার পরিচয় দাও। ৫

১৯। 'বজ্রসম অপবাদ বাজে পোড়া বুকে'— 'বীরাঙ্গনা' কাব্যের কোন্ পত্রে, কে, কার প্রতি এরূপ উক্তি করেছেন? তিনি কেন এরূপ উক্তি করেছেন? ২+৩

২০। 'সোমের প্রতি তারা' পত্রটি অবলম্বনে তারা চরিত্রটি সংক্ষেপে বিশ্লেষণ করো। ৫

২১। দীনেশ দাসের লেখা 'কাস্তে' কবিতাটির মূল বিষয় সংক্ষেপে আলোচনা করো। ৫

## বিভাগ-গ

নিম্নলিখিত যে-কোনো ***দু'টি*** প্রশ্নের উত্তর দাও : ১০×২=২০

২২। 'রাধার কি হইল অন্তরে ব্যাথা'— পদটিতে রাধার বিরহ যন্ত্রণার যে চিত্র ফুটে উঠেছে তার বিশদ পরিচয় দাও।

P.T.O.